গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর
www.bagherpara.jessore.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.৪৮

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নোটিশ**

বিষয়: **উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২৪ মাসের মাসিক সভার নোটিশ প্রেরন।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে , বাঘারপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারী'-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৭ ফেব্রয়ারী'২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।S
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

১৯-০২-২০২৪
হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪;
২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা;
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৫। ভাইস চেয়ারম্যান(পুরুষ), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৬। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৭। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর;
৮। উপজেলা.............................কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর;
৯। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর এবং
১০। উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য-১নং/২নং/৩নং, বাঘারপাড়া, যশোর।।

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৪০+স্থানীয় সরকার দিবসের নোটি-৪৯ তারিখঃ ১৯ ফেব্রুয়ারী' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা | |
| ৩ | উপজেলা প্রকৌশলী | |
| ৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ১১ | উপজেলা প: প: কর্মকর্তা | |
| ১২ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা | |
| ১৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | |
| ১৪ | ফরেস্টার, সামাজিক বনায়ন | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) | |

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৪০+স্থানীয় সরকার দিবসের নোটি-৪৯ তারিখঃ ১৯ ফেব্রুয়ারী' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | 80h24 |
| ২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | 80h24 ১৯/০২/২৪ |
| ৩. | চেয়ারম্যান, জহুরপুর ইউপি | 19.02.24 |
| ৪. | চেয়ারম্যান, বন্দবিলা ইউপি | [illegible] |
| ৫. | চেয়ারম্যান, রায়পুর ইউপি | ১৯/২/২৪ |
| ৬. | চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি | [illegible] |
| ৭. | চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি | ১৯/০২/২৪ |
| ৮. | চেয়ারম্যান, দোহাকুলা ইউপি | ১৯/০২/২৪ |
| ৯. | চেয়ারম্যান, দরাজহাট ইউপি | ১৯/০২/২৪ |
| ১০. | চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি মো: আসাদুর ১৯/২/২০২৪ | |
| ১১. | চেয়ারম্যান, জামদিয়া ইউপি | ২০/০২/২০২৪ |

## উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৪০+স্থানীয় সরকার দিবসের নোটি-৪৯ তারিখঃ ১৯ ফেব্রুয়ারী' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | মেয়র, বাঘারপাড়া পৌরসভা | 19/2/24 |

উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার উপস্থিতি

সভাপতি :- জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ ও সময় :- ২৯/০২/২০২৪খ্রি: বৃহস্পতিবার বেলা - ১১.৩০ঘটিকা

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগণের স্বাক্ষর :-

১। জনাব মো: আ: রউফ, ভাইস চেয়ারম্যান, উপ: পরিষদ → [signature] ২৯/২/২৪

২। বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান " " → [signature] ২৯/০২/২৪

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া → [signature]

৪। চেয়ারম্যান, জহুরপুর, ইউপি → [signature] ২৯.০২.২৪

৫। " বন্দবিলা " → [signature] ২৯/০২/২৪

৬। " রায়পুর " → [signature]

৭। " নারিকেলবাড়ীয়া " → [signature] ২৯/২/২৪

৮। " ধলগ্রাম " → [signature]

৯। " দোহাকুলা " → [signature] ২৯/০২/২৪

১০। " দ. রাজহাট " → [signature] ২৯/২/২৪

১১। " বাসুয়াড়ী " → মো: আসাদ [signature] ২৯/২/২০২৪

১২। " [illegible] " → [signature]

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর :

১। পলাশ বালা, উপজেলা মৎস্য অফিসার — [signature]

২। মো: তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা — [signature] 29/02/24

৩। মো: আসাদুজ্জামান আলম, উপজেলা সমাজ সেবা অফিসার — [signature]

৪। মো: আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া — [signature]

৫। মো: আবু হানিফ, SAE, DPHE — [signature]

৬। জান্নাতুল ফেরদৌস লাবনী, UWAO, বাঘারপাড়া — [signature]

৭। মো: ইকবাল হোসেন, UFPO — [signature]

৮। মো: শাহীন কবীর, ফরেস্টার, সামাজিক বন বিভাগ — [signature]

৯। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত কর্মকর্তা), বিআরডিবি, বাঘারপাড়া — [signature]

১০। এম. এম. জুবায়ের হোসেন, উপজেলা শিক্ষা অফিসার, বাঘারপাড়া — [signature] 27.02.24

১১। ইফতেখার আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা — [signature] 29/02/24

১২। মো: মতিয়ুর রহমান, সহকারী পরি:, উপজেলা সমবায় অফিস — [signature] 29/02/24

১৩। ডা. আমজুল আরাফিন, উপজেলা প্রাণিসম্পদ অফিসার — [signature] 29/2/24

১৪। সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি অফিসার — [signature]

১৫। ডা. অরূপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর — [signature]

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৭ ফেব্রুয়ারী ২০২৪ মঙ্গলবার, বেলা-১১.৩০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের তালিকা :**

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

**অনুপস্থিত সদস্যদের তালিকা :**

নাই

**উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :**

০১) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১০) জনাব এস.এম. জাকির হোসেন, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব মোঃ মহিদুল জামান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
১৩) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৫) ডাঃ অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

**অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):**

০১) জনাব এস.এম জিল্লুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি। | সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার। |
| ০২. | **পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩. | **বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন)<br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। | নিয়মীত বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। | ১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ, |
| ০৪ | **৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-<br>**(ক) হাট-বাজার ইজারা প্রদান সংক্রান্তঃ** বাঘারপাড়া উপজেলার বাংলা-১৪৩১ সনের হাট বাজার ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র মুল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তবণা উপজেলা পরিষদের সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে দেখা যায়, উপজেলার ১৮টি হাটের মধ্যে ১০টি হাটের জন্য প্রাপ্ত দর সরকারি মূল্যে অপেক্ষা বেশি হওয়ায় সর্বোচ্চ দরাদাতাদের দর গ্রহনের সুপারিশ করা হয়েছে। অন্যদিকে বাকি ০৮টি (তৈলকুপ, খানপুর, ছাতিয়ানতলা, চাড়াভিটা সাধারণ, চাড়াভিটা পশু, আলাদিপুর, ভাঙ্গুড়া হাটের দরপত্র সরকারি দরের নিম্নদর/দরপত্র দাখিল না হওয়ায় পুনঃদরপত্র আহবানের জন্য সুপারিশ করা হয়েছে।<br>হাট-বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটির উপস্থাপিত সুপারিশকৃত ১০টি হাটের দর সরাকারি ধার্যমূল্য অপেক্ষা বেশি হওয়ায় তা ইজারার প্রদানের লক্ষ্যে অনুমোদন প্রদান করা হয় এবং বিধি মোতাবেক অনুমোদিত হাট-বাজার ইজারা প্রদান এবং দরপত্র না পড়া হাটের জন্য পুনরায় দরপত্র আহবান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।<br>**(খ) ভেঙ্গে পড়া ০১(এক) টি রেইন্ট্রি গাছ কর্তণ সংক্রান্তঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সরকারি বাসভবনের প্রাচির সংলগ্ন একটি রেইন্ট্রি গাছ ভেঙ্গে পড়ে বাসভবনের প্রাচীর হেলে পড়েছে। যা যেকোন সময় প্রাচীরের পাশে বসবাসরত জনসাধারণের উপর ধসেপড়ে দূর্ঘটনা ঘটাতে পারে, সুতরাং গাছটি অপসারণপূর্বক প্রাচীরটি সংস্কার করা খুবই জরুরী মর্মে এলাকাবাসি উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। সেপ্রেক্ষিতে উপপজেলা নির্বাহী অফিসারে নির্দেশনার প্রেক্ষিতে ফরেষ্টার, সামাজিক বনায়ন, বাঘারপাড়া, যশোর কর্তৃক উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সরকারি বাসভবনের ০১(এক) টি ভেঙ্গে পড়া রেইন্ট্রি গাছ এর মূল্য নির্ধারণ করেন। সেপ্রেক্ষিতে বর্ণিত গাছটি ভেঙ্গে পড়ায় স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১৫/০৮/২০০৭খ্রিঃ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকের পরিপত্র অনুযায়ী ফরেষ্টার কর্তৃক নির্ধারীত মূল্যে (মূল্য গোপন রেখে) বিক্রয়ের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়। | (ক) বিধি মোতাবেক অনুমোদিত হাট-বাজার ইজারা প্রদান এবং দরপত্র না পড়া হাটের জন্য পুনরায় দরপত্র আহবান করার সিদ্ধান্ত গৃহিত হয়<br>(খ) নির্ধারীত মূল্য (গোপন রেখে) অনুমোদন করা হয় এবং গাছ কর্তন ও নিলামে বিক্রয়ের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক)১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার<br>(খ) (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (২) উপজেলা নির্বাহী অফিসার (৩) উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | (গ) **খাজুরা বাজারের উন্নয়ন সংক্রান্তঃ** উপজেলা প্রকৌশলী জানান যে, দেশব্যাপী গ্রামীন বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প(১ম সংশোধিত) এর আওতায় অত্র উপজেলাধীন "খাজুরা বাজার" এ চারতলা ফাউন্ডেশন বিশিষ্ট দ্বিতল আধুনিক বাজার সমৃদ্ধ ভবন নির্মান করার জন্য প্রস্তাব প্রেরণের লক্ষ্যে গত ০৪-০২-২০২৪খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.৯২২.৯৯.১০.১৮-১৩২৬নং স্মারকে নির্দেশনা পাওয়া গেছে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলাধীন "খাজুরা বাজার" উন্নয়ন প্রকল্পে আওতায় প্রকল্পভূক্ত করণের লক্ষ্যে সুপারিশসহ প্রেরণ করার জন্য অনুমোদন প্রদান করা হয় । এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | (গ) অত্র উপজেলাধীন "খাজুরা বাজার" উন্নয়ন প্রকল্পে আওতায় প্রকল্পভূক্ত করণের লক্ষ্যে সুপারিশসহ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (গ)<br>(১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) উপজেলা প্রকৌশলী |
| | **(ঘ) ছাতিয়ানতলা বাজারে পশুহাট স্থাপন সংক্রান্তঃ** উপজেলা পরিষদের প্রস্তবনার প্রেক্ষিতে জেলা প্রশাসক, যশোর কর্তৃক ছাতিয়ানতলা বাজারের প্রস্তাবিত জায়গাটি হাট পেরীফেরিভুক্ত করণপূর্বক গত বিবিধ কেস নং-০২/xiii/২০২৩-২৪/৩৯/xiii/২০২৩-২০২৪ এ অবহিত করেছেন মর্মে সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত জায়গাতে পশু হাট বসানো গেলে উপজেলা পরিষদ এবং সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে মর্মে জানানো হয় । সুতরাং বর্ণিত জায়গায় "ছাতিয়ানতলা পশু হাট" নামে একটি হাট রেজিষ্টারভুক্ত/প্রতিষ্ঠা করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, যশোর বরাবর প্রস্তবনা প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে বিশেষভাবে অনুরোধ জানানো হয় । | (ঘ) "ছাতিয়ানতলা পশু হাট" নামে একটি হাট রেজিষ্টারভুক্ত/প্রতিষ্ঠা করণের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় । | (ঘ) (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) সহকারী কমিশনার(ভূমি) |
| | **(ঙ) উপজেলা পরিষদের দোকানঘর ভাড়া সংক্রান্তঃ** উপজেলা পরিষদের চৌরাস্তা সংলগ্ন ০৩(তিন) দোকানঘর, যার ভাড়ার অংশ উপজেলা পরিষদ জামে মসজিদকে প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। যার প্রেক্ষিতে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। কিন্তু বিধি মোতাবেক জেলা প্রশাসকের অনুমোদন গ্রহণ করে উন্মুক্ত দর পদ্ধতিতে ভাড়াটিয়া কে হবে তা নির্ধারণপূর্বক ভাড়া প্রদান না করা হলেও কিভাবে উক্ত দোকানসমূহে কিছু ব্যক্তিবর্গ উঠে ব্যবসা পরিচালনা করছে সেবিষয়ে জানা নাই মর্মে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত দোকানসমূহে অবস্থিত ব্যবসায়ীদের নিকট তারা কোন কাগজপত্রের(বৈধ) বিনিময়ে উক্তঘর ব্যবহার করছেন সেবিষয়ে ব্যাখ্যা ও কাগজপত্র চাওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | (ঙ)<br>বর্ণিত দোকানসমূহে অবস্থিত ব্যবসায়ীদের নিকট তারা কোন কাগজপত্রের(বৈধ) বিনিময়ে উক্তঘর ব্যবহার করছেন সেবিষয়ে ব্যাখ্যা ও কাগজপত্র চাওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঙ) (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার |
| | (চ) **উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়ী নিলামকরণ সংক্রান্তঃ** উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়ী নং-৪০৪ অনেকদিন যাবত একেবারেই অকেজো হয়ে ভেঙ্গে পড়ে আছে, যার ভিতরে নানা ধরনের সাপ ও পোকামাকড়ের বসবাস শুরু হয়েছে । সুতরাং দ্রুততার সহিত বর্নিত গাড়িটি কনডেম করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি অনুমোদন করা হয় এবং কনডেমনেশন প্রস্তাব প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | (চ) প্রাক্কলনটি অনুমোদন করা হয় এবং কনডেমনেশন প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (চ) (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী |
| ০৫. | **আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)**<br><br>**(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (**মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী**) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) ডিসেম্বর-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-গ সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তেS বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় । | (ক)<br>বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়। | (ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | **(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, এর গাড়ি সার্ভিসিং প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্তঃ** জনাব মোঃ পলাশ হোসেন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর কর্তৃক জীপ গাড়ী নং- যশোর-ঘ-১১-০০৫৬ এর ০৪(চার)টি টায়ার টিউব, গিয়ারবক্স, পিছনের ডিপারসিয়াল ও কিছু যন্ত্রপাতি মেরামত/পরিবর্তন করা প্রয়োজন মর্মে একখানা আবেদন দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুততার সহিত বর্ণিত মেরামত কার্যক্রম বাস্তবায়ন প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় ।<br><br>**(গ) <u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো খাতের আওতায় গৃহিত প্রকল্পের বিল প্রদান সংক্রান্তঃ</u>** ২০২০-২১ অর্থ বছরের (পঞ্চম ধাপ) অবকাঠামো খাতের আওতায় গৃহিত প্রকল্পসমূহ টেন্ডারের মাধ্যমে প্রাপ্ত ঠিকাদার একাধিকবার তাগিদ প্রদানের পরে প্রকল্প বাস্তবায়ন করে বিল পাইবার জন্য আবেদন দাখিল করেছেন । তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় । বিলটি নিম্নরূপঃ<br>(i) উপপ্রকল্পঃ INF-2020-21-404109-01<br>(ii) প্রকল্পের নামঃ জামদিয়া ইউনিয়নের করিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং দশপাখিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এর শেণীকক্ষ বৃদ্ধিকরণ ।<br>(iii) চুক্তিমূল্যঃ ৪০,১৫,০০০.০০(চল্লিশ লক্ষ পনের হাজার) টাকা<br>(iv) ভ্যাট ও আয়করঃ৩,০১,১২৫.০০(ভ্যাট)+ ১,২০,৪৫০.০০(আয়কর)<br>(v) নীট বিল (জামানতসহ): ৩৫,৯৩,৪২৫.০০(পয়ত্রিশ লক্ষ তিরানব্বই হাজার চারশত পঁচিশ) টাকা<br>বিলের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে বলা হয় কাজটি অনেক আগের ঠিকাদার প্রকল্পটি বাস্তবায়ন করতে অনেকসময় লাগিয়ে ফেলেছে। বর্ণিত কাজটি শেষ করার জন্য প্রকল্প কার্যালয় এবং পরিষদের পক্ষ থেকে একাধিকবার তাগিদ প্রদান করা হয়েছে। সেহেতু প্রকল্প কার্যালয় যদি বিলের টাকা ছাড় করে তাহলে প্রদান করা হবে সেই শর্ত সাপেক্ষ্যে বর্ণিত প্রকল্পের বিলসমূহ অনুমোদন করা হয়। বর্নিত বিলের অর্থ ছাড় করণের জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্র সঠিকভাবে প্রাপ্তি সাপেক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বাঘারপাড়া, যশোর কে অনুরোধ জানানো হয় । | (খ)<br>বর্ণিত মেরামত কার্যক্রমের প্রস্তাব প্রেরন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় ।<br><br>(গ) প্রকল্প কার্যালয় থেকে বিল প্রাপ্তিতে প্রদান করার শর্ত সাপেক্ষ্যে বর্ণিত প্রকল্পের বিলসমূহ অনুমোদন করতঃ বিলের অর্থ ছাড় করণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয় । | (খ) ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার<br><br>(গ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া<br>৩। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া<br>৪।ইউডিএফ, বাঘারপাড়া, যশোর |
| ০৬. | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)**<br><br>উপজেলা পরিষদে দৈনিক চুক্তিতে মালি হিসাবে নিয়োজিত ব্যক্তি প্রতিনিয়ত বিভিন্ন ধরনের অপকর্মসহ কাজে ফাঁকি প্রদান করছে বিধায় তাকে গত জানুয়ারী-২০২৪ মাস থেকে আর কাজ না করার জন্য মৌখিকভাবে জানিয়ে দেওয়া হয়েছে।<br>সেপ্রেক্ষিতে বর্নিত মালীকে বাদ দিয়ে পরিচ্ছন্নতাকর্মীকে মালী হিসাবে রেখে নতুন করে একজন পরিচ্ছন্নতাকর্মী দৈনিক মুজুরী চুক্তি ভিত্তিতে নেওয়ার বিষয়ে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জানানো হয় যে, দৈনিক চুক্তি ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিকে যেদিন কাজ করবে সেদিনের বাইরে মুজুরী প্রদান করার সুযোগ নাই এবং তাদেরকে নেওয়ার ক্ষেত্রে যখন কাজে লাগবে তখন নেওয়া হবে না লাগলে নেওয়া হবে না, বসিয়ে রেখে মুজুরি প্রদানের সুযোগ নাই। সুতরাং সভায় উপস্থিত সর্বসম্মতিক্রমে বর্তমানে দৈনিক চুক্তি ভিত্তিতে নিয়োজিত মালিকে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় । | বর্তমানে দৈনিক চুক্তি ভিত্তিতে নিয়োজিত মালিকে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া |

| ০৭. | সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম) | | |
|---|---|---|---|
| ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর: | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, এডিপি এর টেন্ডার সম্পন্ন হয়েছে, পরবর্তী কার্যক্রম চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রকৌশলী |
| খ.স্বাস্থ্য বিভাগ: | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেল্পক্স এর বহিঃ বিভাগ থেকে ৬৬২৭ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরম্নরী বিভাগ থেকে ১১২৮ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৫০২ জন রোগীকে অমত্মঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৪০ জন, ১৩ জন সিজারিয়ান করা হয়। ৪৬২ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৪০২২ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৬৬৪ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৪৬৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| গ.কৃষি বিভাগ: | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় রবি মৌসুমে বোরো ধান আবাদের ১৬৪৪০ হেক্টর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬৪৫০ হেক্টর জমিতে রোপন সম্পন্ন হয়েছে। বোরো ধান, গম, মসুর, আলু, ভুট্টা, সবজি, রসুন, পেঁয়াজ সহ অন্যান্য ফসলের সার্বিক অবস্থা ভাল। রবি মৌসুমের বিভিন্ন ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন,ফলগাছের পরিচর্যা, বসতবাড়ীতে পুষ্টিবাগান স্থাপনসহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশন প্রদান করা হয়েছে। প্রনোদনার আওতায় রবি মৌসুমে বিতরণকৃত সকল ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়ন হয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উন্নয়ন সহায়তার (ভর্তুকি) বিভিন্ন কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার তালিকা অনুমোদন করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের অনুমোদন সাপেক্ষে বিতরণ করা হবে। রবি মৌসুমে সারের উত্তোলন,বিতরণ ও মজুদ পরিস্থিতি সন্তোষজনক। কোথাও সারের কোন ঘাটতি নাই। বাজার স্থিতিশীল আছে। এব্যাপারে উপসহকারী কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অফিসার এবং উপজেলা কৃষি অফিসার সর্বদা সার মনিটরিং করছেন। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা । |
| ঘ.মৎস্য বিভাগ: | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, হাবুল্যা বাঁওড়ে মৎস্য অভয়াশ্রম মেরামত কার্যক্রম সম্পন্য হয়েছে। ভরাট হয়ে বেদখল হয়ে যাওয়া চিত্রা মৎস্য অভয়াশ্রম-২ উপজেলা প্রশাসনের সহোযোগিতায় পূনরুদ্ধার করা হয়েছে। মৎস্য অভয়াশ্রম টি সংস্কার ও মেরামতের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন এবং এই মৎস্য অভয়াশ্রম টি কে কেন্দ্র করে মৎস্য উৎপাদন শীলতা বৃদ্ধি করতে উপ-প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। | উপজেলা পরিষদের টিআর/কাবিখা এর মাধ্যমে প্রাথমিক কার্যক্রম করা হচ্ছে। পরবর্তী কার্যক্রমের জন্য মৎস্য অধিদপ্তরে বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয় । | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| | ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্পের আওতায় ধলগ্রাম, নারিকেলবাড়ীয়া, রায়পুর ও বন্দবিলা ইউনিয়নে মোট ০৭ (সাত) টি নতুন মৎস্য চাষী গ্রুপ গঠন করা হয়েছে। উক্ত ইউনিয়ন সমুহে নতুন করে কোন মৎস্য অভয়াশ্রম স্থাপন করার বিষয়ে কোন সম্ভাব্যতা-থাকলে তা আলোচনায় আনা যেতে পারে। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে প্রস্তবনা থাকলে উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | ১লা নভেম্বর ২০২৩খ্রি. তারিখ হতে ৩০শে জুন ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য আড়ৎ ও মৎস্য বাজার সার্বক্ষনিক জাটকা সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | | |

| | | | |
|---|---|---|---|
| **ঙ.প্রাণি সম্পদ বিভাগ:** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী-২৪খ্রিঃ মাস ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন-১৬৯, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন-১১৬০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪৯৭, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান-, ক. গবাদিপশুর টিকা প্রদান-৮০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৫৮০০০ মাত্রা, ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৩৫৮টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান-৯৯৭৮টি, ৫.পেষাপ্রাণির চিকিৎসা প্রদান-০২টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা-০৫টি, ৭.খামার পরিদর্শন-১০টি, ৮.দুধ উৎপাদন-২৫৮৭টি, ৯.মাংস উৎপাদন-৯২৫ মে.টন, ১০.ডিম উৎপাদন-০.৪৬ লক্ষ। সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)- ক. টিকাবীজ বিক্রয়-১৭০০০/-, খ.কৃত্রিম প্রজনন-৯৫৪৫০/-। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **চ.সমাজসেবা দপ্তর:** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ২য় কিস্তি ২৩৩২২ জনের পেরোল পাঠানো হয়েছে এবং যার ভাতা বিতরন কার্যক্রম চলমান। ১০৬৬ জন ভাতাভোগী মৃত্যুবরণ করায় রিপ্লেসমেন্ট করা হয়েছে।নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য।মোট-৫২৬২ জন ভাতা প্রত্যাশী আবেদন পাওয়া গেছে ইতোমধ্যে প্রতিবন্ধীভাতার ১৩৮১ জনের বরাদ্দ পাওয়া গেছে।প্রতিবন্ধ ভাতাভোগী নির্বাচন কাযক্রম চলমান।পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ বিতারন-১৯০০,০০০/-(উনিশ লক্ষ টাকা)মাত্র।অন্যান্য কার্যক্রম চলমান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| **ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৬৭৩ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৯১৭৬(চক্র) কনডম ২৪২(পিস) ইনজেকটেবল ১৫৯৩ জন আইইউডি ০৬জন, ইমপ্লান্ট ৩৫জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০৩, মোট ০৩ জন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| **জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):** | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২৪ এর আওতায় আন্ত:প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতা বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। জেলা পর্যায়ের প্রতিযোগীতা ২৭/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। ১ জানুয়ারী ২০২৪ তারিখে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের মাঝে বই উৎসবের মাধ্যমে বিনামূল্যের পাঠ্যবই বিতরন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| **ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। | দাপ্তরিক কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |
| **ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ৪৩৬ টি দল/সমিতিরি ১২৪৪৮ জন সমবায়ী/সদস্যার মাঝে ২০২৩-২০২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪৯.০০ লক্ষ টাকা। এছাড়া ছাতিয়ানতলা গার্লস স্কুল এর ১০০ জন কিশোরী নারিকেলবাড়ীয়া সেবাসংঘ মাধ্যমিক বিদ্যালয়ের ১০০ জন কিশোরীসহ সর্বেমেসমাট ২০০ জন কিশোরিকে ৩ দিন ব্যাপী মোট তিনবার কিশোরী সচেতনামূলক প্রশিক্ষণ প্রদানসহ বিনামূল্যে বয়স উপযোগী প্রশিক্ষণ সামগ্রী বিতরণ করা হয়েছে। চলতি আর্থিক বছরে ৮১০ জন সদস্যর মধ্যে ৪৫০.১৩ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪০২.১৪ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ৪৪ জন সদস্যকে ১২.০০ লক্ষ টাকা ৪% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে এই প্রকল্পের মেয়াদ ৩১ডিসেম্বর ২০২৩ শেষ হয়। পুনরায় ০১/০১/২০২৪হতে এই প্রকল্প কর্মসূচি আকারে চলমান থাকবে। উক্ত কর্মসূচির ঋণ বিতরণের সেবামূল্য হবে ৮% যা ১লা জানুয়ারি হতে কার্যকর হবে। এছাড়া ১৩০ জন পুরুষ ও মহিলা সদস্যদের ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| **ট. যুব উন্নয়ন দপ্তর:** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৮৯১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরে আরো ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে । যার মধ্য থেকে ৫৫২৫ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০৭০ জন যুব ও ৬৬৩ জন যুব মহিলা সহ মোট ১৭৩৩জন কে যুব ঋণ হিসাবে ৫,১৬,৫১,৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **ঠ. সমবায় বিভাগ :** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ২টি ও ৫৩ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ২০২১-২০২২সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,২৩,০৩০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,২৩,০৩০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৮১১২৭/-টাকা, আদায়কৃত সিডিএফ ৮১১২৭/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ২৫০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৯০,১৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৮৪,৬৪৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| **ড. মহিলা বিষয়ক দপ্তর:** | ০১। **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। ফেব্রুয়ারি/২০২৪ মাসের খাদ্যশস্য বিতরণের জন্য ডিও প্রদান করা হয়েছে। ভিডব্লিউবি উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা হতে এনজিও নিয়োগ করা হয়েছে। ০২। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতি ইউনিয়নে ০৬ (ছয়) জন করে ০৯ টি ইউনিয়নে মোট ৫৪ জন এবং বাঘারপাড়া পৌরসভায় ১৩ জন ভাতাভোগী নির্বাচনের বরাদ্দ রয়েছে। জানুয়ারি/২০২৪ পর্যন্ত ০৯ টি ইউনিয়নে মোট ৩৭৮ জন এবং পৌরসভায় ৯১ জন ভাতাভোগী চুড়ান্ত করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা । |
| **ঢ. ত্রাণ বিভাগ:** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে । | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| **ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের গভীর নলকূপের চালান সংগ্রহের কাজ চলমান পাশাপাশি নলকূপ স্থাপনের কাজও চলমান রয়েছে। পিইডিপি ৪প্রকল্পের আওতায় ১২ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। খুব দ্রুত কাজ শুরু করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| **ত. বন বিভাগ** | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, ছাতিয়ানতলা হতে ভাঙ্গুড়া পর্যন্ত ৩০ সেডলিং কিলোমিটার বনায়নের গাছ বিক্রয়ের জন্য বিধি মোতাবেক কার্যক্রম চলমান আছে । যশোর- নড়াইল রোডে লটের অপসারন কার্যক্রম চলমান আছে। ২০২৩-২৪ আর্থিক সনে বিক্রয় বিতরণের জন্য ২০০০টি চারা অনুমোদন পাওয়া গিয়াছে ।<br>**(খ) রাস্তা সংলগ্ন ঝুকিপূর্ণ গাছ চিহ্নিতকরণঃ** উপজেলা ভাইস চেয়ারম্যান, মেয়র, ইউপি চেয়ারম্যান (নারিকেলবাড়িয়া, ধলগ্রাম, দোহাকুলা), উপজেলা প্রকৌশলীসহ সভায় উপস্থিত একাধিক সদস্য জানান যে, বাঘারপাড়া হতে নারিকেলবাড়িয়া এবং বাঘারপাড়া হতে ধলগ্রাম গমনকারী রাস্তার মধ্যে/রাস্তার একেবারেই সংলগ্ন কিছু গাছ | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) উপজেলার সীমানার মধ্যে বিভিন্ন রাস্তায় রাস্তার মধ্যে/রাস্তার একেবারেই সংলগ্ন খুবই ঝুকিপূর্ণ গাছগুলি | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর<br>(খ) ১। ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ |

| | | | |
|---|---|---|---|
| | রয়েছে যা খুবই ঝুকিপূর্ণ এবং উক্ত গাছগুলির মাধ্যমে যেকোন সময় দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে সর্বসম্মতিক্রমে বাঘারপাড়া উপজেলার সীমানার মধ্যে বিভিন্ন রাস্তায় এ ধরণের গাছগুলি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এর সহিত সমন্বয় করে চিন্হিত করণপূর্বক উক্ত গাছের মালিকানা নির্ধারণ করে উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার জন্য ফরেষ্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়। | চিন্হিত করণপূর্বক উক্ত গাছের মালিকানা নির্ধারণ করে উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| **০৯.বিবিধ:** | **(ক) ধলগ্রাম বাজারের শেড সংক্রান্তঃ** ধলগ্রাম বাজারের নতুন শেড নির্মানের স্থানে একটি জরাজীর্ন ভেঙ্গে পড়া শেড বিদ্যমান আছে। উক্ত শেড অপসারণ করা একান্ত প্রয়োজনে। সুতরাং কাজের স্বার্থে দ্রুততার সহিত উক্ত শেড অপসারনের বিষয়ে উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দ্রুততার সহিত শেডটি অপসারণ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।<br>(খ) উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার দপ্তরের একটি জরাজীর্ণ ভবন পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে, যা কনডেমনেশন করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ভবনটি যেহেতু ব্যবহার অনুপোযোগী হয়ে পড়ে আছে সেহেতু ভবনটি করডেমনেশন করার প্রস্তাবনা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | (ক) বর্নিত শেডটি অপসারণ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।<br>(খ) কনডেমনেশ করার ক্ষেত্রে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) উপজেলা প্রকৌশলী<br>(খ) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

## উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-০৪(ক)** **তারিখঃ ২৭- ০২-২০২৪ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ........................................... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,...............................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

২৭/২/২০২৪

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

# পরিশিষ্ঠ-গ

## উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

## জানুয়ারী-২০২৩

যে সভায় উপস্থাপিতঃ- ফেব্রুয়ারী-২০২৪

| ক্রমিক | বিবরণ | বিলের পরিমান | চেকনং ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নভেম্বর-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ৪০০০০/- | চেক নং ৪৭০৪৭০৩ তাং ০১.০১.২০২৪ |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নভেম্বর -২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৭০৪ তাং ০১.০১.২০২৪ |
| ৩. | জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নভেম্বর -২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৭০৫ তাং ০১.০১.২০২৪ |
| ৪. | মোঃ সোহেল হোসেন, মালী, উপজেলা পরিষদকে নভেম্বর -২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩৭৫০/- | চেক নং ৪৭০৪৭০৬ তাং ০১.০১.২০২৪ |
| ৫. | মোঃ খলিল হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে নভেম্বর-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩৭৫০/- | চেক নং ৪৭০৪৭০৭ তাং ০১.০১.২০২৪ |
| ৬. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের ডিসেম্বর-২৩'মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান | =৫৫৬২/- | চেক নং ৪৭০৪৭০৮ তাং ২১.০১.২০২৪ |
| ৭. | জনাব কিংকর বিশ্বাস, হিসাবসহকারী, ইউএনও অফিস কে জানুয়ারী-২০২৪ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান | =২৬৮৫০/- | চেক নং ৪৭০৪৭০৯ তাং ২৫.০১.২০২৪ |
| ৮. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৩১৫০/- | চেক নং ৪৭০৪৭১০ তাং ২৫.০১.২০২৪ |
| ৯. | জনাব মোঃ মুর্শিদ হোসেন, প্রোপাইটার, আবু সালমান স্যানেটারি কে, গেজেটেড কোয়াটার পদ্মা ভবনের-০৪টি ফ্লাটের পানির কাজে ব্যয়িত বিল প্রদান | =৭৭৫০৩/- | চেক নং ৪৭০৪৭১১ তাং ২৫.০১.২০২৪ |
| ১১. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =১১৫৮২/- | চেক নং ৪৭০৪৭১২ তাং ২৫.০১.২০২৪ |
| ১২. | জনাব এস, এম ইকবাল হোসেন, প্রোপাইটার, জনপ্রিয় মটর ওয়ার্কশপকে, যশোর-ঘ-১১-০০৫৬ জীপ গাড়ি মেরামত কাজে ব্যয়িত বিল প্রদান | =৪১০০০/- | চেক নং ৪৭০৪৭১৩ তাং ২৮.০১.২০২৪ |
| ১৩. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী গাড়ী মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৯০০০/- | চেক নং ৪৭০৪৭১৪ তাং ২৮.০১.২০২৪ |

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।